1471 — P-01311/2014

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

पश्चिमबङ्ग पश्चिम बंगाल WEST BENGAL B 134242

রাঃ

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল

থানা ও মৌজা - বারুইপুর

জমি - ৩.৫ ছটাক বা কমবেশী ০.৩৬ শতক

মূল্যঃ ৯,০০,০০০/- টাকা

Certified that the document is admitted to registration. The Signature sheet and the endorsement sheets attached with this document are the part of this document.

Addl. District Sub-Registrar
Baruipur. South 24 Parganas
14 FEB 2014

## কোবালা গ্রহীতা

শ্রী সঞ্জীব সরকার ( Sri Sanjib Sarkar )
পিতা - শ্রী মোহন সরকার , জাতি - হিন্দু , পেশা-ব্যবসায় ,
সাকিন ঃ সরকার ভিলা, বারুইপুর ঋষি বঙ্কিম নগর ,
ডাকঘর ও থানা - বারুইপুর , জেলা - দক্ষিণ ২৪ পরগনা,
কোলকাতা -৭০০১৪৪ ।

SANJIB REALTORS
Proprietor

## কোবালা দাতা

শ্রী গোবিন্দ চন্দ্র বন্দ্যোপাধ্যায় ,
পিতা - স্বর্গীয় শচীন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়, জাতি -হিন্দু , পেশা -চাকুরী ,
সাকিনঃ বারুইপুর ভট্টাচার্যপাড়া, কে. সি. মিত্র রোড, ওয়ার্ড নম্বর -৫,
ডাকঘর ও থানা-বারুইপুর, জেলা -দক্ষিণ ২৪ পরগনা, কোলকাতা -৭০০১৪৪ ।

উক্ত দাতার পক্ষে গত ইংরাজী ২৪.১২.২০১৩ তারিখে বারুইপুর এ্যাঃ ডিঃ সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৪ নম্বর বহির ৩ নম্বর সি ডি ভল্যুমে ৪৬৭২ নম্বর হইতে ৪৬৭৯ নম্বর পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৭৯৮ নম্বর আমমোক্তারনামা পত্রে নিযুক্ত আমমোক্তার শ্রীমন্ত মুখোপাধ্যায়, পিতা-মৃত ওঁকার নাথ মুখোপাধ্যায়, জাতি-হিন্দু, পেশা-ব্যবসায়, সাকিন-বারুইপুর ভট্টাচার্য্য পাড়া, ডাকঘর ও থানা - বারুইপুর , জেলা -দক্ষিন ২৪ পরগনা, কোলকাতা -৭০০১৪৪ ।


কস্য শুভ নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্যঞ্চাগে ঃ
নিম্ন তফসিলে বিশেষ ভাবে বর্নিত ও পরিচয় বিশিষ্ট ৩.৫ ছটাক বা কমবেশী ০.৩৬ শতক জমি ও জমাদি মায় দরবস্তু হকহকুক মায় সকল প্রকার ইজমেন্ট স্বত্বাদি অত্র কোবালা ভুক্ত বিক্রীত সম্পত্তি হইতেছে ।

উল্লিখিত নিম্ন তফসিলে বর্নিত জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও মৌজা - বারুইপুর জে.এল. নম্বর ৩১ , রিভিশন্যাল সেটেলমেন্টে ৩৪৪৫ নম্বর খতিয়ানে ২০১৬, ২০১৭ নম্বর দাগের সম্পত্তি সহ আরো অন্যান্য দাগের সম্পত্তি আমার পিতামহ যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নাম বরাবর শুদ্ধভাবে রেকর্ড হইয়া ফাইনালী পাবলিশড হয় ।

অতঃপর আমার পিতামহ যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় উল্লিখিত সম্পত্তিতে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও ভোগ দখলিকার থাকাবস্থায় গত ইংরাজী ১৭.৩.১৯৬৯ তারিখে বারুইপুর সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নম্বর বহির ২৩ নম্বর ভলুমে ১৬৩ নম্বর হইতে ১৬৬ নম্বর পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৬৯ সালের ১৯৫২ নম্বর দান পত্র দলিল মূলে উল্লিখিত দাগ

SANJIB REALTORS
Proprietor

Presentant and
Executant/Claimant



| | T.P | F.F.P | M.F.P | R.F.P | L.F.P |
|---|---|---|---|---|---|
| L.H. | | | | | |
| R.H. | | | | | |

Name SRI SRIMANTA MUKHOPADHYAY

Signature [illegible]

Executant/Claimant



| | T.P | F.F.P | M.F.P | R.F.P | L.F.P |
|---|---|---|---|---|---|
| L.H. | | | | | |
| R.H. | | | | | |

Name [illegible]

Signature [illegible]

Executant/Claimant

| | T.P | F.F.P | M.F.P | R.F.P | L.F.P |
|---|---|---|---|---|---|
| L.H. | | | | | |
| R.H. | | | | | |

Name

Signature

SANJIB REALTORS
[illegible]
Proprietor

হইতে ৬৩ শতক জমি অসীম কুমার বন্দ্যোপাধ্যায়, রতন চন্দ্র বন্দোপাধ্যায় , শচীন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়, বঙ্কিম চন্দ্র বন্দ্যোপাধ্যায়, শৈলেন্দ্র কুমার বন্দ্যোপাধ্যায়, রবীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, শান্তি কুমার বন্দ্যোপাধ্যায় মোট সাতজনের অনুকূলে দান করিয়া স্বত্ব দখল চ্যুত হয়েন ।

অতঃপর যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় পরলোকগমন করিলে পর তৎত্যক্ত সম্পত্তি তাহার লিগাল ওয়ারিশান অসীম কুমার বন্দ্যোপাধ্যায়, রতন চন্দ্র বন্দ্যোপাধ্যায়, শচীন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়, বঙ্কিম চন্দ্র বন্দ্যোপাধ্যায়, শৈলেন্দ্র কুমার বন্দ্যোপাধ্যায়, রবীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় পুত্র বিধায় ও আভারানী চ্যাটার্জী, শোভারানী মুখার্জী, বিভারানী হালদার কন্যা বিধায় প্রাপ্ত হইয়া ভোগ দখলিকার থাকাবস্থায় গত ইংরাজী ২৯.৫.১৯৮০ তারিখে বারুইপুর সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নম্বর বহির ১০১ নম্বর ভলুমে ১৯৩ নম্বর হইতে ১৯৯ নম্বর পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৮০ সালের ৩৪২৩ নম্বর বন্টন নামা দলিল মূলে আরো জমি সহ উল্লিখিত ২০১৬, ২০১৭ নম্বর দাগে বক্রী ২৭ শতক জমি বিভাগ বন্টন করিয়া লয়েন এবং বিভাগ বন্টন মতে ২৭ শতক মধ্যে ১৫ শতক জমি অসীম কুমার বন্দ্যোপাধ্যায়, রতন চন্দ্র বন্দ্যোপাধ্যায়, শচীন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়, বঙ্কিম চন্দ্র বন্দ্যোপাধ্যায়, শৈলেন্দ্র কুমার বন্দ্যোপাধ্যায়, রবীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রাপ্ত হয়েন ।

সেমতে শচীন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় উল্লিখিত দানপত্র দলিল মূলে ও বন্টন নামা দলিল মূলে আরো সম্পত্তি হইতে উল্লিখিত দাগ হইতে সম্পত্তি প্রাপ্ত হয়েন । উক্ত শচীন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় পরলোকগমন করিলে পর তৎত্যক্ত সমূদয় স্বত্ত্বাংশ তাহার লিগাল ওয়ারিশান আমি অত্র দলিল দাতা ও সঞ্জয় বন্দোপাধ্যায় দুইজনে পুত্র বিধায়, কুমকুম ভট্টাচার্য্য কণ্যা বিধায়, মিনতী বন্দোপাধ্যায় স্ত্রী বিধায় প্রাপ্ত হই । উল্লিখিত ২০১৬ নম্বর দাগে ৪৩ শতক জমির মধ্যে প্রাপ্ত সম্পত্তির মধ্যে পূর্বে বিক্রীত সম্পত্তি বাদে বক্রী ১৪ ছটাক জমিতে যথাযোগ্যস্থলে যথানিয়মে খাজনা করাদি আদায় দিয়া অন্যের নিরাংশে ও বিনাসংশ্রবে বিনাপত্যে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও দখলিকার আছি । উক্ত ১৪ ছটাক জমির মধ্যে আমার ১/৪ অংশে যাহা প্রাপ্ত তাহা সম্পূর্ন ৩.৫ ছটাক বা কমবেশী ০.৩৬ শতক জমি অত্র দলিলে বিক্রীত সম্পত্তি হইতেছে । উক্ত সম্পত্তিতে আমার বিক্রয়যোগ্য উত্তম অখন্ডনীয় ও অপরাজেয় বৈধ স্বত্ব দখল বর্ত্তমান আছে ।

SANJIB REALTORS
Proprietor

এক্ষনে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারনে নগদ অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় উক্ত সম্পত্তি বিক্রয়ের ঘোষনা করিলে আপনি জনশ্রুতিতে জানিতে পারিয়া খরিদের ইচ্ছা প্রকাশ করায় আমি তাহাতে পূর্ণ সম্মতি ও স্বীকৃতি প্রদান করিয়া উক্ত সম্পত্তির বর্ত্তমান সময়োচিত বাজার যাচাই ন্যায্য মূল্য ১,০০,০০০/- এক লক্ষ টাকা আপনার নিকট হইতে বুঝিয়া লইয়া ও প্রাপ্তি স্বীকার করিয়া উল্লিখিত নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি এতদ্বারা আপনার অনুকূলে চিরতরে নিঃস্বত্ব সাফ বিক্রয় করিলাম এবং উহাতে আমার যাহা কিছু স্বত্ব-স্বামিত্ব, দাবি-দাওয়া, দখল-অধিকার, লাভ-লভ্য হকহকিয়ত ও ইজমেন্ট স্বত্বাদি ছিল ও আছে তৎসমূদয় এতদ্বারা আপনার অনুকূলে ছাড়িয়া দিলাম ও আমার হইতে লোপ পাইয়া আপনার অনুকূলে বর্ত্তাইল ।

অদ্য হইতে আপনি উক্ত বিক্রীত ষোল আনা সম্পত্তিতে অত্র কোবালা বলে আমার যাবতীয় স্বত্বে কায়েম স্বত্ববান ও সকল প্রকার দখলে কায়েম দখলকার হইয়া যথাযোগ্যস্থলে নিজ নাম পত্তন করতঃ খাজনা করাদি আদায় দিয়া ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও যে কোন প্রকার রুপান্তর ও যদৃচ্ছামত ব্যবহারে ক্ষমতা সম্পন্ন হইয়া পরম সুখে ভোগ দখল করিতে থাকুন এবং আমার যে যে কমন স্বত্ব ছিল তাহা ও অন্যান্য সকল প্রকার ইজমেন্ট স্বত্বাদি ভোগ করিবেন; তাহাতে কস্মিনকালেও আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে কেহ কোন প্রকার ওজর আপত্তি বা দাবি-দাওয়া করিব না, করিতে পারিব না বা পারিবে না ; যদি করি বা কেহ করে তাহা সর্ব্ব স্থানে সর্ব্ব আদালতে বাতিল ও নামঞ্জুর হইবে ।

প্রকাশ থাকে যে , উক্ত ষোল আনা সম্পত্তি বা উহার কোন অংশ ইতি পূর্ব্বে কোন রকম দায়াবদ্ধ, দান, বিক্রয়াদি কোন প্রকার হস্তান্তর করি নাই বা কাহারো নিকট বায়নাপত্র করি নাই বা উহা মামলা মোকদ্দমার বিষয়ভূক্ত সম্পত্তি নহে বা উহাতে অপর কোন শরিক বা স্বত্ববান ব্যক্তি নাই বা উহা ভেষ্টেড জমি নহে বা উহা সরকার কর্তৃক বা অন্য কোন সংস্থা কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই । উক্ত বিক্রীত ষোল আনা সম্পত্তিতে আমার উত্তম অখন্ডনীয় অপরাজেয় বৈধ স্বত্ব দখল থাকাবস্থায় সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ সম্পত্তি আপনাকে বিক্রয় করিলাম ।

SANJIB REALTORS
Proprietor

যদি ভবিষ্যতে কোন তঞ্চকতা বা মিথ্যা প্রকাশ পাইয়া বা অন্য কোন কারনে আপনার খরিদা দখল স্বত্বের কোন বিঘ্ন ঘটে বা বেদখল হয়েন তবে ঐ বিঘ্ন জনিত সমস্ত ক্ষতিপূরন করিতে ও দখল স্বত্ব বজায় করিয়া দিতে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে বাধ্য থকিলাম ও থাকিবে ।

আরো প্রকাশ থাকে যে, অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি প্রকাশ পাইলে বে-ওজরে আপনার খরচায় আবশ্যকীয় ভ্রম সংশোধনীয় সাপ্লিমেন্টারী দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে বাধ্য থাকিলাম ও থাকিবে , তবে তৎকালে কোন অর্থ ও স্বার্থের দাবি করিতে পারিব না ও পারিবে না , করিলে ও তাহা আইনতঃ অগ্রাহ্য ও নামঞ্জুর হইবে ।

এতদর্থে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে বাধ্য থাকিয়া পোণের সমূদয় টাকা নিম্ন জায় মোতাবেক বুঝিয়া লইয়া ও প্রাপ্তি স্বীকার করিয়া সরল মনে সেচ্ছায় সরল অন্তঃকরনে সুস্থ শরীরে অন্যের বিনাঅনুরোধে ও বিনাপ্ররোচনায় সাক্ষীগনের সাক্ষাতে অত্র শুভ নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন বাংলা ১৪২০ সালের ১ লা ফাল্গুন, ইংরাজী ১৪ ই ফেব্রুয়ারী ২০১৪ সাল ।

## বিক্রীত সম্পত্তির তফসিল পরিচয়

জেলা-দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ্যা. ডি. সাব-রেজিষ্ট্রী অফিস-বারুইপুর ,পরগনা - মেদনমল্ল, মৌজা- বারুইপুর রায়ত দখল স্বত্ব বিশিষ্ট স্বত্বের বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনার কালেকটর বাহাদুর অধীন একজমায় ১.২৭ একর জমির বার্ষিক খাজনা ৬ টাকা ৬ আনা ৫ পাই জমার মধ্যে ৩.৫ ছটাক বা কমবেশী ০.৩৬ শতক জমির হারহারি বার্ষিক খাজনা ১ টাকা জমা । মৌজা - বারুইপুর , জে. এল. নম্বর ৩১, রে. সা. নম্বর ৭১ , তৌজি নম্বর ২৫০ , আর. এস. খতিয়ান ৩৪৪৫ তিন হাজার চার শত পঁয়তাল্লিশ নম্বর ভুক্ত

SANJIB REALTORS
Proprietor

(৬)

২০১৬ দুই হাজার ষোল নম্বর দাগে বাস্তু ৪৩ শতক তন্মধ্যে প্রাপ্ত সম্পত্তির মধ্যে পূর্বে বিক্রীত বাদে ১৪ ছটাক জমি তন্মধ্যে আমার যাহা প্রাপ্ত তাহা সম্পূর্ন ৩.৫ ছটাক বা কমবেশী ০.৩৬ শতক জমি মায় দরবস্তু হকহকুক মায় সকল প্রকার ইজমেন্ট স্বত্বাদি সম্পত্তি অত্র কোবালা দলিলে বিক্রয় করিলাম। মূল্য ১,০০,০০০/- টাকা।

বিক্রীত সম্পত্তি বারুইপুর পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডে অবস্থিত।

বিক্রীত সম্পত্তির দক্ষিনে প্যাসেজ।

টাকার জায় ঃ

অদ্য ইংরাজী ১৪.২.২০১৪ তারিখের *IDBI Bank, Baruipur Branch* এর ০১৭০৫৩ নম্বর চেক্ মূলে .............. ১,০০,০০০/- টাকা।

মঃ এক লক্ষ টাকা বুঝিয়া লইয়া প্রাপ্তি স্বীকার করিলাম।

অত্র দলিল পাঠ করিয়া শুনাইলাম।

Bidhan Chandra Hajra
Advocate

ইসাদি

মুসাবিদাকারক ঃ

Bidhan Chandra Hajra

Advocate

Baruipur Civil Court

E. No. F 459/313/97

Swarup Bairagi
Baruipur Court

টাইপকারক ঃ

Swarup Bairagi

বারুইপুর কোর্ট

SANJIB REALTORS
Proprietor

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the A.D.S.R. BARUIPUR, District-.South 24-Parganas
Signature / LTI Sheet of Serial No. 01471 / 2014, Deed No. (Book - I , 01311/2014)

gnature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|
| Srimanta Mukhopadhyay<br>Village:Baruipur<br>Bhattacharjee Para,<br>Thana:-Baruipur,<br>District:-South 24-Parganas,<br>WEST BENGAL, India, | <br>14/02/2014 | <br>LTI<br>14/02/2014 | |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Srimanta Mukhopadhyay<br>Address -Village:Baruipur<br>Bhattacharjee Para,<br>Thana:-Baruipur,<br>District:-South 24-Parganas,<br>WEST BENGAL, India, | Attorney | <br>14/02/2014 | <br>LTI<br>14/02/2014 | |

**Name of Identifier of above Person(s)**
Kamal Dey
Village:Baruipur Dutta Para, Thana:-Baruipur,
District:-South 24-Parganas, WEST BENGAL, India,

**Signature of Identifier with Date**
14/02/14

SANJIB REALTORS
Proprietor

(Debajyoti Bandopadhyay)
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A.D.S.R. BARUIPUR

**Government Of West Bengal**
**Office Of the A.D.S.R. BARUIPUR**
**District:-South 24-Parganas**

**Endorsement For Deed Number : I - 01311 of 2014**
**(Serial No. 01471 of 2014 and Query No. 1611L000003101 of 2014)**

**On 14/02/2014**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23, 5 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 1096.00/-, on 14/02/2014

( Under Article : A(1) = 1089/- ,E = 7/- on 14/02/2014 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-1,00,000/-

Certified that the required stamp duty of this document is Rs.- 6010 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 1020/- is paid , by the draft number 147743, Draft Date 14/02/2014, Bank : State Bank of India, KHASMALLICK, received on 14/02/2014

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 10.14 hrs on :14/02/2014, at the Office of the A.D.S.R. BARUIPUR by Srimanta Mukhopadhyay ,Executant.

**Executed by Attorney**

Execution by

1. Srimanta Mukhopadhyay, son of Lt. Onkar Nath Mukhopadhyay ; Village:Baruipur Bhattacharjee Para, Thana:-Baruipur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, By Caste Hindu By Profession: Business,as the constituted attorney of Gobinda Ch Bandyopadhyay is admitted by him.

   Identified By Kamal Dey, son of Giren Dey, Village:Baruipur Dutta Para, Thana:-Baruipur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: Business.

( Debajyoti Bandopadhyay )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

SANJIB REALTORS
Proprietor

**( Debajyoti Bandopadhyay )**
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

*ertificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 3
Page from 3953 to 3963
being No 01311 for the year 2014.

Seal of the Additional District Sub-Registrar, Baruipur, South 24 Parganas

(Debajyoti Bandopadhyay) 17-February-2014
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A.D.S.R. BARUIPUR
West Bengal

SANJIB REALTORS
Proprietor